

বন্ডে
আমদানিকৃত কাঁচামাল
ক্রটিজনিত কারণে পূণ:রগুনি
করার সুযোগ আছে কি-না ?

বন্ডে আমদানিকৃত কাঁচামাল ক্রটিজনিত কারণে পূণ:রগুনি সুযোগ আছে। এ প্রসঙ্গে উল্লেখ্য, দি কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯ এর ধারা ১৬৮ অনুযায়ী Frustrated Cargo অর্থাৎ কোন পণ্য অসাবধানতা বশত: বা ভুল গন্তব্যে আসার কারণে বা প্রাপকের সন্ধান না পাওয়ায় সে সকল মালামাল বিধিমালা সাপেক্ষে শুল্ক করা পরিশোধ

ব্যতিরেকে কমিশনার পূণ:রগুনির অনুমতি প্রদান করতে পারেন। এই বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের একটি প্রজ্ঞাপন আছে, যা এসআরও নং-৫৪২-এল/৮৪/৮৮৭-কাস তারিখ: ১০/১২/১৯৮৪ মাধ্যমে জারীকৃত। এসআরওটি The Frustrated Cargo Export Rule, ১৯৮৪ নামে পরিচিত। উক্ত বিধিমালার আলোকে বন্ডে আমদানিকৃত কাঁচামাল ক্রটিজনিত কারণে পূণ:রগুনি প্রয়োজন দেখা দিলে অনুমোদন দেয়া হয় এবং পূণ:রগুনিতে নিম্নরূপ পদ্ধতি অনুসরণ করা হচ্ছে:-

ক্রটিপূর্ণ মালামাল পূণ:রগুনির জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে বাংলাদেশ ব্যাংকের অনাপত্তি ও আমদানি-রগুনি প্রধান নিয়ন্ত্রক হতে অনুমতি গ্রহণ করতে হয়। সংশ্লিষ্ট ব্যাংক এই মর্মে প্রত্যয়ন প্রদান করবে যে, সংশ্লিষ্ট কাঁচামালের বিপরীতে প্রেরিত বৈদেশিক মুদ্রা ফেরৎ পাওয়া গেছে যা তার জন্য ঋণপত্র খোলা হয়েছে। যদি অর্থ প্রদান না হয়ে থাকে তবে সাপ্লাইয়ারের ব্যাংকের অনুমতিক্রমে ঋণপত্রের মধ্যে ক্রটিযুক্ত কাপড়ের অর্থ ফেরৎ প্রদান করা হবে না মর্মে ব্যাংক নিশ্চিত করবে। তবে এক্ষেত্রে সংশ্লিষ্ট পণ্যের বর্ণনা ও পরিমাণ আমদানি দলিলাদির সাথে সঠিক আছে কি-না বা আবদনের বিষয়সমূহ সরেজমিনে পরীক্ষা করে নিশ্চিত হওয়া জরুরী।

(খ) পুনঃরগুনি কার্যক্রমে সমস্ত দায়িত্ব প্রতিষ্ঠান বহন করবে এবং এক্ষেত্রে কোন দুর্ঘটনা ঘটলে বা কোন কারণে শিপব্যাক করতে ব্যর্থ হলে শিপব্যাকযোগ্য পণ্যের প্রযোজ্য শুল্ক করাদি প্রতিষ্ঠান কর্তৃপক্ষ বহন করবে।